দৈনিক ইত্তেফাক

তারিখ 16 SEP 1987

# ভর্তি পর্বেই শিক্ষাজীবনের এক বছর শেষ !

॥ নাজমুল হাসান ॥

দেশের দুইটি প্রধান বিদ্যাপীঠ ঢাকা বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে শিক্ষা গ্রহণেচ্ছু ছাত্রছাত্রীদের শিক্ষা-জীবন হইতে ভর্তি-পর্বেই একটি বৎসর খসিয়া গেল।

গত বৎসর উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাস করিয়া যে সকল ছাত্র-ছাত্রী এই দুইটি বিশ্ববিদ্যালয়ে শিক্ষা গ্রহণ করিতে আসিয়াছে, এখনও তাহাদের ক্লাস শুরু হয় নাই। এই দুইটি বিশ্ববিদ্যালয়ে গত বৎসরের উচ্চ মাধ্যমিক উত্তীর্ণ-দের ক্লাস শুরুর পূর্বেই এ বৎসরের উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের ফল প্রকাশিত হইবে। এ অবস্থা বিশ্ববিদ্যালয়ের 'সেশন জট' পরিস্থিতিকে আরও জটিল করিয়া তুলিবে।

১৯৮৬ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশিত হয় ঐ বৎসরের ১৭ই অক্টোবর। ইহার পর ছাত্র ভর্তি করিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক বৎসর

(২য় পৃঃ দ্রঃ)

## এক বছর শেষ

(১ম পৃঃ পর)

সময় কাটিয়া গিয়াছে। বিভাগওয়ারী ৪টি গ্রুপে ভাগ করিয়া ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তির জন্য ছাত্রছাত্রী মনোনীত করিয়াছে। এখন নির্ধারিত ফিস জমা লইয়া ছাত্রছাত্রীদের ভর্তি পর্ব চলিতেছে। তবে 'ঘ' ইউনিটের নির্বাচনী সাক্ষাৎকার এখনও বাকী।

কবে নাগাদ ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ সম্মান শ্রেণীর ক্লাস শুরু হইবে সে সম্পর্কে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এখনও কিছু বলিতে পারেন না। আগামী ২৭শে সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয় খোলার পর প্রথমবর্ষ সম্মান শ্রেণীর ক্লাস শুরুর তারিখ নির্ধারণ করা হইতে পারে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষা গ্রহণেচ্ছু ছাত্র-ছাত্রীদের কেবল প্রথম বর্ষে ভর্তি ও ক্লাস শুরু করিতেই মূল্যবান একটি বৎসর অপচয় হইয়া গেল। ইহার পরও এম, এ, পর্যন্ত লেখাপড়া শেষ করিয়া বিশ্ববিদ্যালয় অঙ্গন ত্যাগ করিতে তাহাদের আরও কত সময় লাগিবে, সে সম্পর্কে ধারণা করাও সম্ভব নহে। সম্মান শ্রেণীতে ৩ বৎসর এবং এম, এ, শ্রেণীতে ১ বৎসর—বিশ্ববিদ্যালয়ের শিক্ষা সমাপনের জন্য এই ৪ বৎসর নির্ধারিত থাকিলে কখনোই উহা ৪ বৎসরে শেষ হয় না। বিশ্ববিদ্যালয় বন্ধ থাকা, পরীক্ষা পিছানো, সম্মান পরীক্ষা শেষে এম, এ, শ্রেণীর ক্লাস শুরুতে বিলম্ব ইত্যাদি হাঙ্গামায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষা শেষ করিতে এখন কয়েক বৎসর সময় বেশী লাগিয়া যায়।

এবার ছাত্র-ছাত্রীদের ক্লাস শুরু হইতে এত বিলম্বের কারণ সম্পর্কে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর ডঃ এমাজউদ্দিন আহমেদ জানান, বিশ্ববিদ্যালয় বন্ধ থাকায় এ অবস্থা সৃষ্টি হইয়াছে। তিনি জানান, বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ সম্মান শ্রেণীতে ক্লাস শুরুর জন্য অপেক্ষমাণ ছাত্র-ছাত্রীদের সঙ্গে উচ্চ মাধ্যমিক পরীক্ষা উত্তীর্ণ যে সকল ছাত্র-ছাত্রী বিভিন্ন কলেজে ভর্তি হইয়াছে, তাহাদের অনেকেই ইতিমধ্যে প্রথম বর্ষের অধ্যয়ন শেষে দ্বিতীয় বর্ষের ক্লাস শুরু করিয়াছে।

১৯৮৬ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষা উত্তীর্ণদের প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষের ক্লাস ১৯৮৮ সালের মার্চ মাসের পূর্বে শুরু হইবে না। প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষের ছাত্রদের ভর্তি শেষ হইয়াছে। কিন্তু পূর্ববর্তী ব্যাচের কোর্স শেষ হওয়ার পূর্বে তাহাদের ক্লাস শুরু করা সম্ভব হইবে না বলিয়া কর্তৃপক্ষ জানায়। প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ৪ বৎসরের কোর্স শেষ হইতে সাড়ে ৪ বৎসর লাগিয়া যায়। ইহাছাড়া, এখন যাহারা প্রথম বর্ষের ছাত্র তাহাদেরও ক্লাস শুরু হইতে বিলম্ব হইয়াছিল। তাই প্রতি বৎসরই নূতন প্রথম বর্ষের ক্লাস শুরু করিতে দেরী হইয়া যায়। এমনিভাবে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে শিক্ষাগ্রহণেচ্ছুদের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশের পর প্রায় দেড় বৎসর বসিয়া থাকিতে হয়।